জাতীয় শিক্ষা সপ্তাহে রচনা প্রতিযোগিতায় প্রথম দামুড়হুদার রেসিডেন্সিয়াল স্কুলের দুই শিক্ষার্থী

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে আয়োজিত বাংলা ও ইংরেজি রচনা প্রতিযোগিতায় দামুড়হুদা উপজেলায় প্রথম স্থান অর্জন করেছে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের দুই কৃতি শিক্ষার্থী।

উপজেলার একমাত্র প্রতিষ্ঠান হিসেবে জেলা পর্যায়ে প্রতিনিধিত্ব করার গৌরব অর্জন করেছে এই শিক্ষা প্রতিষ্ঠান, যা তাদের শিক্ষা কার্যক্রম ও সক্ষমতার উজ্জ্বল প্রমাণ। গত বুধবার সকাল ১০টায় দামুড়হুদা পাইলট গার্লস স্কুলে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় উপজেলার মোট ৫৩টি স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বাংলা ও ইংরেজি রচনা বিভাগে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী লামিয়া হোসেন লুবনা এবং সপ্তম শ্রেণির শিক্ষার্থী রাবিয়া বসরি নিজ নিজ বিভাগে প্রথম স্থান অর্জন করে।

এই সাফল্যের মাধ্যমে তারা জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করেছে।

প্রতিষ্ঠানের পরিচালক ও প্রধান শিক্ষক জসিম উদ্দিন বলেন, আমাদের শিক্ষার্থীদের এই সাফল্য আমাদের জন্য অত্যন্ত গর্বের বিষয়। এর আগেও আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থী প্রাথমিক পর্যায়ে দেশসেরা বৃত্তি অর্জন করেছে। শিক্ষকদের নিবিড় তত্ত্বাবধান, শিক্ষার্থীদের পরিশ্রম এবং অভিভাবকদের সহযোগিতার ফলেই আজ এই অর্জন সম্ভব হয়েছে।

এই অর্জনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়েছে।

দর্শনায় জাতীয় সংসদ নিবার্চন ও আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী জাতীয় সংসদ নিবার্চন ও আইনশৃঙ্খলা বিষয় এবং দর্শনা থানার নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসানের সাথে দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুলের সভাপতিত্বে নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান শুভেচ্ছা জানানো হয়। এসময় দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাবেক সভাপতি সিনিয়ার সাংবাদিক মনিরুজ্জামান ধীরু ও জাহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ দর্শনার আইন শৃঙ্খলা, চুরি, ডাকাতি যাতে না হয়, সে বিষয়ে নবাগত ওসিকে সজাগ থেকে কাজ করার জন্য আহবান জানান। এবং আগামী জাতীয় সংসদ নিবার্চন সুস্থ্য ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সে বিষয়ে দক্ষতার সাথে কাজ করার জন্য বেশ কিছু পরার্মশ প্রদান করেন।

এসময় নবাগত অফিসার্স ইনর্চাজ মেহেদী হাসান উপস্থিত সাংবাদিকদের সহযোগিতা প্রদান করার জন্য বলেন। মতবিনিময় সভায় সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, ওয়াসীম রয়েল, সাব্বির আলিম, ইমতিয়াজ রয়েল, শ্রী কমল বাঁধন, রিফাত রহমান, আব্দুল হান্নানসহ সাংবাদিকবৃন্দ। মতবিনিময় সভা পরিচালনা করেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

মেহেরপুরে জাতীয় স্কুল,

মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৬ দিনব্যাপী ৫৪তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকালে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে ৬ দিনব্যাপী শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের গার্ল গাইডস সদস্যরা মনোজ্ঞ কুচকাওয়াজ প্রদর্শন করে। এ সময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম এবং কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, ক্রীড়া শিক্ষক ফারহা হোসেন লিটন, আব্দুল কুদ্দুসসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা।

উল্লেখ্য, এই শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করছে।

দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজসেবা দিবস পালন

দামুড়হুদায় দায়সারাভাবে জাতীয় সমাজ সেবা দিবস উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে দায়সারাভাবে র্যালী ও আলোচনা সভা করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০ টায় দামুড়হুদা উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে চার কর্মকর্তা সহ গুটি কয়েকজনকে নিয়ে র্যালী শেষে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো উবায়দুর রহমান সাহেল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন।

চুয়াডাঙ্গায় নানান আয়োজনে জাতীয় সমাজসেবা দিবস পালন

‘প্রযুক্তি ও মমতায়, কল্যাণ ও সমতায়, আস্থা আজ সমাজসেবায়’ প্রতিপাদ্যকে সামনে রেখে নানা আয়োজনে চুয়াডাঙ্গায় জাতীয় সমাজসেবা দিবস পালন করা হয়েছে ।

শনিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক নয়ন কুমার রাজবংশী। সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ।

এরপর সভায় সমাজসেবার বিভিন্ন কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে শীর্ষক আলোচনা সভা করা হয়।

সভায় প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন বলেন, ‘আমাদের সমাজে যেসব শিশু শারীরিকভাবে কোনো না কোনো সমস্যায় ভুগছে, তারা কোনোভাবেই সমাজের বাইরে নয় বা কম গুরুত্বপূর্ণ নয়। বরং তারা আমাদের সমাজেরই একটি অপরিহার্য ও গুরুত্বপূর্ণ অংশ। বিশ্বের ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় বহু গুণী ও প্রখ্যাত ব্যক্তি শারীরিক প্রতিবন্ধকতা সত্ত্বেও অসাধারণ মেধা ও জ্ঞান দিয়ে সমাজ ও সভ্যতাকে সমৃদ্ধ করেছেন। কেউ হাঁটতে পারেননি, হুইলচেয়ারের ওপর নির্ভরশীল ছিলেন, কিন্তু তাঁদের চিন্তা, মেধা ও সৃজনশীলতা পুরো সমাজকে আলোকিত করেছে। সমাজের সকল মানুষের প্রতি আহ্বান জানাতে চাই আমাদের চারপাশে যে সকল শারীরিকভাবে বিশেষ চাহিদাসম্পন্ন শিশু রয়েছে তাদের যেন আমরা কখনোই অবহেলার চোখে না দেখি। কারণ হতে পারে এই শিশুটিই একদিন আমাদের সমাজকে গর্বিত করবে ও আলোকিত করবে’।

তিনি আরও বলেন, ‘যে শিশু শারীরিক সমস্যায় ভুগছে, তাকে কখনোই অবহেলা করা উচিত নয়। বরং তাকে ভালোবাসা, সহানুভূতি ও সমান মর্যাদা দেওয়াই আমাদের নৈতিক দায়িত্ব।একই সঙ্গে বিদ্যালয় পর্যায় থেকেই শিক্ষার্থীদের এসব বিষয় সম্পর্কে সচেতন করা জরুরী। স্কুলের শিশুদের বোঝাতে হবে তাদের সহপাঠীদের মধ্যে কেউ শারীরিক সমস্যায় থাকতে পারে, কিন্তু তাতে তারা কম যোগ্য নয়। তাদের সঙ্গে ভালো আচরণ করতে হবে। কোনোভাবেই তুচ্ছ-তাচ্ছিল্য বা অবমাননাকর আচরণ করা যাবে না’।

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোস্তাফিজুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসন ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং নানান স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিবৃন্দ।

জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিভাগীয় পর্যায়ে প্রথম আনিসা বুশরা

সমন্বিত সাংস্কৃতিক সংসদের আয়োজনে অনুষ্ঠিত জাতীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা সেরাদের সেরা সিজন ৬ এ বিভাগীয় পর্যায়ে আবৃত্তি (ক গ্রুপ) বিভাগে প্রথম স্থান অধিকার করেছে আনিসা বুশরা।

আনিসা বুশরা মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার বাসিন্দা মোস্তাক আহমেদ খাঁনের কন্যা ও এস.এম. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী।

আনিসা বুশরার এই সাফল্যে পরিবার, শিক্ষকবৃন্দ ও স্থানীয় শুভানুধ্যায়ীরা তার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন।

মেহেরপুরে আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে ৩৪তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৭তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

বুধবার জেলা প্রশাসন, জেলা সমাজসেবা কার্যালয় ও প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের যৌথ উদ্যোগে দিবসটি উদযাপিত হয়। সকালে বর্ণাঢ্য র্যালি শেষে জেলা প্রশাসন চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক আশাদুল ইসলামের সভাপতিত্বে

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর। তিনি বলেন, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার নিশ্চিত করা রাষ্ট্রের সাংবিধানিক ও মানবিক দায়িত্ব।

তাদের সমাজের মূলধারায় যুক্ত করতে সবাইকে এগিয়ে আসতে হবে।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আতিকুল হক, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা প্রতিবন্ধী অফিসার তুলসী কুমার পালসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সেবা গ্রহণকারী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত

“দেশীয় জাত আধুনিক প্রযুক্তি, প্রণিসম্পদে হবে উন্নতি”এই প্রতিপাদ্যকে সমনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালিত হয়েছে।

আজ বুধবার সকলে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম। বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার জাহিদুল ইসলাম, সিনিয়র মৎস অফিসার দ্বীন ইসলাম, খামারী জান্নাতুল প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন উপসহকারী প্রাণিসম্পাদ কর্মকর্তা হারুন আর রশিদ।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে ভেটেরিনারি হাসপাতাল চত্বরে ৩০টি স্টল বসে। আগামী ২ ডিসেম্বর পর্যন্ত স্টলগুলোর প্রদর্শনী চলবে। স্টলগুলোতে দুধের তৈরি খাবার, দেশীয় জাতের হাঁস, মুরগী,গরু, ছাগল,মহিষ,বিড়াল,ভেটেরিনারি ওষাধ শোভা পায়। ২ ডিসেম্বর সমাপনী অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণের মধ্য দিয়ে মেলা শেষ

হবে বলে জানান সংশ্লিষ্টরা।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলক্ষে হরিণাকুণ্ডুতে প্রদর্শণী মেলা অনুষ্ঠিত

‘দেশীয় জাত, আধুনিক প্রযুক্তি; প্রাণিসম্পদে হবে উন্নতি’ এ শ্লোগানাকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শণী -২০২৫ এর উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

বুধবার (২৬ নভেম্বর) সকালে উপজেলা প্রাণিসম্পদ অফিস চত্বরে ফিতা কেটে এ প্রদর্শণী সপ্তাহের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার (ভার:) ঈশিতা আক্তার।

উদ্বোধনের পরে অফিসের সামনে থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে উপজেলা প্রাণিসম্পদ অফিসার উজ্জ্বল কুমার কুণ্ডুর সভাপতিত্বে উপজেলা নির্বাহী অফিসার ছাড়াও উপজেলা কৃষি কর্মকর্তা শরীফ মোহাম্দ তিতুমিরসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় সোনালী ব্যাংক হরিণাকুণ্ডু শাখার ব্যবস্থাপক এজিএম মোবাশ্বের হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা আক্তার, সমাজসেবা অফিসার শিউলি রাণীসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, গণমাধ্যম কর্মী ও খামারিরা উপস্থিত ছিলেন।

এবছর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে মেলায় ৩৩ টি স্টল স্থান পেয়েছে। বিভিন্ন খামারী, উদ্যোক্তা, কৃষাণ-কৃষাণী তাদের পালিত পশু-পাখি প্রদর্শণ করেছে স্টলগুলোতে।

আলোচনা ও প্রদর্শণী শেষে বিভিন্ন ক্যাটাগরিতে ৯ জন উদ্যোক্তাকে পুরুষকৃত করা হয়। পুরুষকৃতদের হাতে সার্টিফিকেট এবং নগদ অর্থের চেক প্রদান কর্ ◌াহয়। আগামী ২ ডিসেম্বর মেলা সমাপ্তির মধ্যদিয়ে পুরস্কারপ্রাপ্ত খামারিদের হাতে এসব তুলে দেওয়া হবে।

মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন

“দেশীয় জাত,আধুনিক প্রযুক্তি: প্রাণিসম্পদ হবে উন্নতি” এই শ্লোগানে মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মানিকনগর বাসস্ট্যান্ড প্রাঙ্গনে দিনব্যাপী এ প্রদর্শনীর উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় তিনি বিভিন্ন প্রাণির প্রদর্শনীর কর্ণার পরিদর্শন করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, সমাজসেবা অফিসার মাহামুদুল হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুর রকিব, উপজেলা এলজিইডি ইন্জিনিয়ার মোহাম্মদ ইমদাদুল হক, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি অফিসার জেসমিন সুলতানা, উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর থানার এস আই কামরুল জিয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা প্রানীসম্পদ অফিসের ভেটেনারি সার্জন সৈয়দ সাকিবুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন দেশীয় জাতের প্রাণির প্রদর্শনীর কর্নার নিয়ে মোট ৩০ টি স্টল অংশগ্রহণ করেন।

আলোচনা সভার আগে একটি বর্নাঢ্য র্যালীর মধ্যে দিয়ে জাতীয় প্রানী সপ্তাহের শুভ সূচনা করা হয়।